



জনাব প্রকৌঃ মোহাম্মদ জহুরুল হক

চীফ ইন্সট্রাক্টর ও একাডেমিক ইনচার্জ,

নারায়ণগঞ্জ সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ

সংক্ষিপ্ত পরিচিতি

জনাব প্রকৌঃ মোহাম্মদ জহুরুল হক গত ৮ই অক্টোবর, ২০২১ খ্রিঃ নারায়ণগঞ্জ সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের চীফ ইন্সট্রাক্টর পদে যোগদান করেন। পূর্বে তিনি রাজবাড়ী সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের চীফ ইন্সট্রাক্টর পদে কর্মরত ছিলেন। তিনি রাজবাড়ী টেকনিক্যাল স্কুল এন্ড কলেজে অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) পদে, চুয়াডাঙ্গা টেকনিক্যাল স্কুল এন্ড কলেজে চীফ ইন্সট্রাক্টর ও বিভাগীয় প্রধান পদে, বিভিন্ন সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের বিভাগীয় প্রধান পদে সহ কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে সুনামের সাথে দায়িত্ব পালন করেছেন। তিনি কারিগরি শিক্ষা বোর্ডের জাতীয় পাঠ্যক্রম প্রণয়ন কমিটির অন্যতম সদস্য। কর্মক্ষেত্রে পারদর্শীতার কারণে তিনি বেশ কয়েকবার শ্রেষ্ঠ শিক্ষক সম্মাননা অর্জন করেছেন।

জনাব প্রকৌঃ মোহাম্মদ জহুরুল হক দেশের সুনামধন্য ও ঐতিহ্যবাহী ফরিদপুর পলিটেকনিক ইনস্টিউট থেকে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং (পাওয়ার) সম্পন্ন করেন। এরপর ফার্স্ট ক্যাপিটাল বিশ্ববিদ্যালয় থেকে বিএসসি (ইইই) এবং পোস্ট গ্রাজুয়েশন টেকনিক্যাল এডুকেশন ইন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অর্জন করেন। তিনি দেশে এবং বিদেশে বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণ করেন। তার মধ্যে চীন, সিংগাপুর, ঢাকা এবং বগুরা টিচার্স স্কীল ট্রেনিং অন্যতম।